সাপ্তাহিক
পত্রিকা
your campaigning newspaper

MY SOLICITORS
YOUR SOLICITORS
OUR SOLICITORS
Liberty Legal
Sohul Ahmed
Solicitor
Commissioner for Oaths
4th Floor
16 Whitechapel Rd
London E1 1EW
Mobile 07940 763226
Tel : 020 73776806

POTRIKA ■ London ■ Issue 1106 ■ Tuesday ■ 05 - 11 February 2019 ২২ - ২৮ মাঘ ১৪২৫ বাংলা ■ ৩০ জমাদিউল আউয়াল - ০৬ জমাদিউস সানি ১৪৪০ হিজরী ■ ২৪ পৃষ্ঠা ■ Price 50p

‘লাইফ ইন দ্য ইউকে’ পরীক্ষায় নকল

বাংলাদেশি বংশোদ্ভূত কোচিং ব্যবসায়ী অভিযুক্ত

অদিতি খান্না

০৪ ফেব্রুয়ারি : যুক্তরাজ্যে বসবাসের অনুমতি পাওয়ার জন্য বিদেশিদের যে পরীক্ষা দিতে হয় তাতে নকল সরবরাহের দায়ে অভিযুক্ত হয়েছে বাংলাদেশি বংশোদ্ভূত এক ব্রিটিশ কোচিং ব্যবসায়ী।আবেদনকারীদের পরীক্ষায় পাসের ব্যবস্থা করে দিতে অভিযুক্ত ব্যক্তি মোবাইল ফোনের মাধ্যমে উত্তর সরবরাহের ব্যবস্থা করতেন। সোমবার (৪ ফেব্রুয়ারি) প্রকাশিত এক প্রতিবেদনে বিবিসি জানিয়েছে, এরকম বেশ কিছু প্রতিষ্ঠান আছে যারা অভিবাসী হতে ইচ্ছুক ব্যক্তিদের জালিয়াতির মাধ্যমে পরীক্ষা পাসের ব্যবস্থা করে দেন। পরীক্ষাটির নাম ‘লাইফ ইন দ্য ইউকে।’ যুক্তরাজ্যে থাকতে হলে যেসব আইন-কানুন, রীতি-প্রথা মেনে চলতে হয়, সেসবের বিষয়ে আবেদনকারীর ধারণা পরখ করতে নেওয়া হয় এই পরীক্ষা। অভিবাসনের অনুমতি পেতে এই

» ১৬

ব্যাকস্টপে অনিশ্চিত ব্রেক্সিট

ব্যাকস্টপ ধারার পরিবর্তন চায় ব্রিটেন

ইইউ বলছে চুক্তি বদলের সুযোগ নেই

সময় বাকী ৭ সপ্তাহ

পত্রিকা রিপোর্ট

লন্ডন, ৪ ফেব্রুয়ারি : আগামী ২৯ মার্চ ইউরোপিয় ইউনিয়নের (ইইউ) সঙ্গে যুক্তরাজ্যের বিচ্ছেদ কার্যকর হওয়ার কথা। তার আগে সময় আছে মাত্র সাত সপ্তাহ। অথচ এই শেষ সময়ে এসে একটি চুক্তির মাধ্যমে সমঝোতার ভিত্তিতে এই বিচ্ছেদ কার্যকরের বিষয়টি আরও অনিশ্চিত হয়ে উঠেছে। এখন ব্যাকস্টপে ষ্টপ ব্রেক্সিট।

সর্বশেষ চুক্তির একটি ধারা পরিবর্তনের দাবি তুলেছে যুক্তরাজ্য। কিন্তু ইইউ সেই পরিবর্তনে নারাজ। শেষ সময়ে এসে দুই পক্ষের দুই মেরুতে অবস্থানের কারণে চুক্তি ছাড়াই বিচ্ছেদ এবং এর সম্ভাব্য ক্ষতির বিষয়গুলো বারবার সামনে চলে আসছে।

দীর্ঘ প্রায় ১৮ মাসের চেষ্টার পর ব্রিটিশ প্রধানমন্ত্রী থেরেসা মে ইইউ নেতাদের সঙ্গে একটি চুক্তিতে সম্মত হন। কিন্তু যুক্তরাজ্যের সংসদ সেই চুক্তি প্রত্যাখান করে। আয়ারল্যান্ড সীমান্ত নিয়ে চুক্তিতে উল্লেখিত ‘বেকস্টপ’ বিষয়ক ধারাটির গ্রহণযোগ্য পরিবর্তন করা হলে চুক্তিটি অনুমোদন করবে বলে জানিয়েছে সংখ্যাগরিষ্ঠ সাংসদ। কিন্তু ইইউ নেতারা বলছেন, সম্পাদিত চুক্তি পরিবর্তনের সুযোগ নেই।

বিচ্ছেদের পর ইইউ'র সদস্য স্বাধীন আয়ারল্যান্ড এবং যুক্তরাজ্যের অংশ নর্দান আয়ারল্যান্ডের মধ্যকার সীমান্ত উন্মুক্ত রাখার কৌশলকে বলা হচ্ছে ‘বেকস্টপ’। এর ফলে নর্দান আয়ারল্যান্ড আইনগতভাবে যুক্তরাজ্যের বাকী অংশ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়বে বলে সমালোচনা উঠেছে।

আনুষ্ঠানিক আলোচনার আগেই ইইউ'র তরফ থেকে চুক্তি পরিবর্তনের বিষয়টি প্রত্যাখান করা হলেও বিকল্প প্রস্তাবনা তৈরিতে ব্যস্ত যুক্তরাজ্য। ‘বেকস্টপ’ ব্যবস্থার বিকল্প উপায় খুঁজতে ব্রেক্সিটপন্থী এবং ব্রেক্সিটবিরোধী সাংসদদের নিয়ে একটি কমিটি করেছেন মে। চলতি সপ্তাহের শেষের দিকে প্রধানমন্ত্রী মে চুক্তি পরিবর্তনের দাবি নিয়ে ইইউতে যাওয়ার কথা। তার আগে উভয় পক্ষের কাছে গ্রহণযোগ্য হয় এমন একটি বিকল্প খুঁজে বের করতে কাজ করছে ওই কমিটি।

কিন্তু ইইউ'র পক্ষে প্রধান সমঝোতাকারী মিশেল বার্নিয়ে বলেন, বেকস্টপ ব্যবস্থা চুক্তির অবিচ্ছেদ্য অংশ। এটি পরিবর্তনের সুযোগ নেই। ইইউ অন্যান্য নেতারাও একই অবস্থানে অনড়।

তবে যুক্তরাজ্যের ব্রেক্সিটপন্থী রাজনীতিকদের কেউ কেউ বলছেন, ইইউ একেবারে শেষ মুহূর্তে অবস্থান পরিবর্তন করবে। এটাই তাদের কৌশল।

কট্টর ব্রেক্সিটপন্থী রাজনীতিক নাইজেল ফারাজ ১ ফেব্রুয়ারি শুক্রবার ইইউ পার্লামেন্টে দেয়া ভাষণে বলেন, চুক্তি ছাড়া বিচ্ছেদ হলে ৩৯ বিলিয়ন পাউন্ডের বিচ্ছেদ বিল খোঁয়াবে ইইউ। এছাড়া যেসব সদস্য দেশ যুক্তরাজ্যে পণ্য রপ্তানি করে তারাও বড় ক্ষতির শিকার হবে। তাই চুক্তিতে পৌঁছানো ইইউ'র জন্য বেশি জরুরি।

কট্টর ব্রেক্সিটপন্থী আরেক নেতা জেকব রিচ মগ বলেন, নানা আপত্তি থাকলেও বেকস্টপ ধারা পরিবর্তন সাপেক্ষে ব্রেক্সিট চুক্তি সমর্থন করবেন তিনি। আর কোনো কারণে চুক্তি ছাড়া বিচ্ছেদ হলে তিনি বেশি খুশি হবেন।

গত ২৯ জানুয়ারি মঙ্গলবার যুক্তরাজ্যের পার্লামেন্টে ব্রেক্সিট নিয়ে বিভিন্ন বিকল্প প্রস্তাবের ওপর ভোটাভুটি হয়। সম্পাদিত ব্রেক্সিট চুক্তি গত ১৫ ডিসেম্বর বিশাল ব্যবধানে প্রত্যাখ্যান হওয়ার পর ইইউ থেকে যুক্তরাজ্যের বিচ্ছেদ নিয়ে অচলাবস্থার সৃষ্টি হয়। সে কারণেই ব্রেক্সিট কার্যকরে ব্রিটিশ সংসদে সংখ্যাগরিষ্ঠের মত কী, তা যাচাইয়ে এই ভোটাভুটি।

ক্ষমতাসীন কনজারভেটিভ দলের গ্রাহাম ব্রাডির আনা এক প্রস্তাবে বলা হয় বিতর্কিত ‘বেকস্টপ’ ধারা বাদ দিলেই তাঁরা সম্পাদিত চুক্তিটি সমর্থন করবেন। ৩১৭ জন আইনপ্রণেতা এই প্রস্তাবের পক্ষে ভোট দিয়েছেন। আর বিপক্ষে ছিলেন ৩০১ জন।

ওই ভোটাভুটির পর প্রধানমন্ত্রী থেরেসা মে বলেন, তিনি সংখ্যাগরিষ্ঠ সাংসদের স্পষ্ট নির্দেশনা পেয়েছেন। ‘বেকস্টপ’ ধারার পরিবর্তনে তিনি শিগগিরই ইইউর সঙ্গে পুনরায় আলোচনার জন্য যাবেন। তিনি আরও বলেন, বিষয়টি সহজ হবে না। কারণ, ইইউ'তে এমন আলোচনার সুযোগ কম। তবে সংসদের সমর্থনের পর তিনি কাঙ্খিত পরিবর্তন আদায়ে চেষ্টা আরও জোরদার করবেন। মঙ্গলবারের ভোটাভুটিতে আরও একটি প্রস্তাব পাস হয়। এতে চুক্তি ছাড়া ব্রেক্সিট কার্যকর না করার পক্ষে মত দিয়েছেন সংখ্যাগরিষ্ঠ আইনপ্রণেতা।

» ১৬

বাসিন্দা হলে ১ ইউরোয় বাড়ি, সঙ্গে উপহার ৯ হাজার ইউরো

০৪ ফেব্রুয়ারি : ইতালির অনেক গ্রামই জনশূন্য হয়ে পড়ছে। জনসংখ্যা বাড়াতে সেসব গ্রামের স্থানীয় কর্তৃপক্ষ কয়েক বছর ধরে চমকপ্রদ নানা উদ্যোগ নিচ্ছে। এর মধ্যে ইতালির দক্ষিণাঞ্চলীয় দ্বীপ সিসিলির সাম্বুকা গ্রামে ১ ইউরোতে (বাংলাদেশি মুদ্রায় প্রায় ৯৫ টাকা) বাড়ি বিক্রির লোভনীয় সুযোগ দিয়ে সংবাদ শিরোনামও হয়েছে। তবে দেশটির উত্তর-পশ্চিমের পিমন্তে অঞ্চলের দুটি গ্রামে জনসংখ্যা বাড়ানোর কর্মসূচি হিসেবে যে সুযোগ দেওয়া

» ১৬

কমিউনিটি ল্যাংগুয়েজ সার্ভিস

ফাণ্ড কাটের পরিকল্পনা বাতিলের দাবি

লন্ডন, ৪ ফেব্রুয়ারি : পূর্ব লন্ডনের টাওয়ার হ্যামলেটসে ১৯৮২ সাল থেকে কাউন্সিলের অর্থায়নে শিশুদের মাতৃভাষা শেখানো হতো। বাংলা, চাইনিজ, মেরিডিয়ান, রাশিয়ান, লিথুনিয়া, আরবি এবং সোমালিয়ানসজ বিভিন্ন ভাষাভাষী পরিবার কমিউনিটি ল্যাংগুয়েজ সার্ভিসের সুবিধা নিয়ে শিশুদের মাতৃভাষা শেখাতেন। বিশেষ করে সেকেন্ডারি স্কুল পর্যন্ত বাংলা ভাষা পড়ানোর সুযোগ ছিলো। ইতিমধ্যে শত শত শিক্ষার্থী জিসিএসই ও এ- লেভেল পরিক্ষায় অতিরিক্ত ভাষা হিসেবে বাংলা নিয়ে ভালো ফলাফল করেছে বহু শিক্ষার্থী।

গত ৩৬ বছর ধরে চলে আসা সেই সেবা বন্ধের প্রাথমিক সিদ্ধান্ত নিয়েছে কাউন্সিল। অন্যান্য ভাষাভাষীর পাশাপাশি এতে মাতৃভাষা শেখার সুযোগ থেকে বঞ্চিত হবে হাজার হাজার বাংলাভাষী শিক্ষার্থী। বাজেট কাটের নামে ইতিমধ্যে টাওয়ার হ্যামলেটস কাউন্সিল কমিউনিটি ল্যাংগুয়েজ সার্ভিস বন্ধের উদ্যোগ নিয়েছে। আগামী ২০ ফেব্রুয়ারি এ ব্যাপারে ফুল কাউন্সিল মিটিংয়ে চুড়ান্ত সিদ্ধান্ত নেয়ার কথা। কাউন্সিলের এ সিদ্ধান্তে ক্ষোভ প্রকাশ করেছেন কমিউনিটির মানুষ।

গত ১ ফেব্রুয়ারি শুক্রবার পূর্ব লন্ডনের লন্ডন এন্টারপ্রাইজ একাডেমিতে আয়োজিত এক প্রতিবাদ সমাবেশ থেকে কমিউনিটি নেতৃবৃন্দ কাউন্সিলকে এই বাজেট কাটের সিদ্ধান্ত থেকে সরে আসার আহবান জানিয়েছেন। বাংলাদেশ টিচার্স এসোসিয়েশনের নেতৃত্বে টাওয়ার হ্যামলেটসের বিএমই সংগঠনগুলোকে নিয়ে ‘কমিউনিটি ল্যাঙ্গুয়েজ’ এর বাজেট কর্তনের বিরুদ্ধে এক প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়।

» ১৬

শরীক দল জাসদের স্বীকারোক্তি

আগের রাতেই ব্যালট বাক্স ভরা হয়

ঢাকা, ৪ ফেব্রুয়ারি : ভোটের আগের রাতেই ব্যালট বাক্স ভর্তিসহ নানা অনিয়ম সংঘটিত হওয়ার কথা স্বীকার করেছে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোটের শরীক বাংলাদেশ জাতীয় সমাজতান্ত্রিক দল (জাসদ)। এজন্য প্রশাসনে অতি উৎসাহী একটি অংশ দায়ী বলে মনে করছে দলটি।

গত ১ ও ২ ফেব্রুয়ারি বাংলাদেশ জাসদ-এর জাতীয় কমিটির সাধারণ সভায় একাদশ সংসদ নির্বাচনকে এভাবে মূল্যায়ন করা হয়। পরে এ বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি দেয়া হয়।

সংবাদ বিজ্ঞপ্তিতে বাংলাদেশ জাসদ তাদের সভার মূল্যায়ন তুলে বলে, দেশের সকল রাজনৈতিক দল ও জনগণ উদ্দীপনা ও আশা নিয়ে অংশগ্রহণ করলেও নির্বাচনের পরে বিষন্নতায় আক্রান্ত হয়েছে গোটা জাতি। এর মূল কারণ হচ্ছে, প্রশাসনের এক শ্রেণির অতি উৎসাহী অংশ ভোটের পূর্ব রাত্রেই ভুয়া ভোটের মাধ্যমে ব্যালট বাক্স ভর্তি করে রাখাসহ নানা অনিয়ম সংঘটিত করেছে।

আওয়ামী লীগের নেতৃত্বে মহাজোটের জয় এই নির্বাচনে ‘নিশ্চিত’ ছিল উল্লেখ করে বাংলাদেশ জাসদ বলেছে, জনগণের ভোটের মাধ্যমে ১৪ দল তথা মহাজোটের নিশ্চিত বিজয় জেনেও যে মহল বিশেষ এ অপকর্ম সংঘটিত করেছে, গণতন্ত্রের ধারাবাহিকতা রক্ষার স্বার্থেই তাদের চিহ্নিত করে আইনগত ব্যবস্থা নেয়া প্রয়োজন। কেননা এ কলঙ্কিত

» ১৬

বাংলাদেশের কত সম্পদ কত টাকা?

ফখরুল ইসলাম

ঢাকা, ০২ ফেব্রুয়ারি : বাংলাদেশের এই যে বড় বড় শিল্পগোষ্ঠী, হাজার কোটি টাকার সম্পদ তাদের। আবার অনেকে হয়তো করছেন ছোট চাকরি বা মুদি দোকানদারি। টাকার পেছনেই তো সবার ছুটে চলা। যাঁদের কেউ আবার বৈধ বা অবৈধভাবে অঢেল সম্পদ গড়ছেন, কেউ আবার দুবেলা দুমুঠো খেয়ে দিনাতিপাত করছেন।

তারপরও বাংলাদেশের সম্পদ তো আছে! কিন্তু তার পরিমাণ কত?

» ১৬

মিথ্যা বলায় ব্রিটিশ এমপির কারাদণ্ড

পত্রিকা রিপোর্ট

লন্ডন, ৪ ফেব্রুয়ারি : নির্ধারিত গতির চাইতে বেশি জোরে গাড়ি চালিয়ে জরিমানার টিকিট পেয়েছিলেন যুক্তরাজ্যের এমপি ফিওনা ওনাসানিয়া। সেই সামান্য জরিমানা থেকে বাঁচতে তিনি মিথ্যার আশ্রয় নিয়েছিলেন। ফলে এখন তাঁকে জেলে যেতে হচ্ছে। গত ২৯ জানুয়ারি মঙ্গলবার লন্ডনের ওল্ড বেইলি আদালত তাঁকে তিন মাসের কারাদণ্ড দিয়েছে।

ফিওনা ওনাসানিয়া ছিলেন বিরোধী দল লেবার পার্টির এমপি। কিন্তু মিথ্যাচারের দায়ে পুলিশ তাঁকে অভিযুক্ত করার পরপরই দল তাঁকে বহিষ্কার করে। তবুও স্বতন্ত্র এমপি হিসেবে বহাল আছেন তিনি।

যুক্তরাজ্যে গত ২৮ বছরের মধ্যে কোনো এমপির কারাদণ্ড হওয়ার এটি দ্বিতীয় ঘটনা। এর আগে ১৯৯১ সালে ৩৭৩ পাউন্ডের (প্রায় ৪০ হাজার টাকা) ‘পোল ট্যাক্স’ না দেওয়ার অপরাধে ৬০ দিনের

» ১৬

পুলিশ লুটপাট করলে গণতন্ত্র চলতে পারে না : ড. কামাল

০৩ ফেব্রুয়ারি : পুলিশের ভূমিকার কথা উল্লেখ করে গণফোরাম সভাপতি ও জাতীয় ঐক্যফ্রন্টের আহ্বায়ক ড. কামাল হোসেন বলেছেন, পুলিশ লুটপাট করতে থাকলে গণতন্ত্র চলতে পারে না। পুলিশকে জনগণের প্রতি শ্রদ্ধাশীল হওয়ার কথা বলেছেন তিনি।

গণফোরামের সাবেক সাধারণ সম্পাদক সাইফউদ্দিন আহমেদ মানিকের ১১তম মৃত্যুবার্ষিকী উপলক্ষে আজ রোববার বিকেলে আরামবাগে দলটির কেন্দ্রীয় কার্যালয়ে

» ১৬

চার মামলায় আটকে আছে মুক্তি

৮ ফেব্রুয়ারি কারাবাসের এক বছর



ঢাকা, ৪ ফেব্রুয়ারি : কারাবন্দি বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার বিরুদ্ধে রয়েছে ৩৬টি মামলা। জিয়া অরফানেজ ট্রাস্ট মামলায় পাঁচ বছরের সাজার রায়ের পর তার কারাবন্দির এক বছর হতে চলেছে। ৮ই ফেব্রুয়ারি কারাবন্দির এক বছর পূর্ণ হবে। এখনো চারটি মামলায় জামিন না হওয়ায় আটকে আছে তার কারামুক্তি।

এক এগারোর তত্ত্বাবধায়ক সরকার আমলে ৪টি এবং আওয়ামী লীগ সরকারের গত দশ বছরে ৩২টি মামলা দায়ের হয়েছে খালেদার বিরুদ্ধে। এরমধ্যে দুর্নীতি দমন কমিশনের (দুদক) দায়ের করা ৫টি, নাশকতার ১৬টি, মানহানির ৪টি, ৩টি হত্যা, মানহানিকর বক্তব্য দেয়ার ২টি, রাষ্ট্রদ্রোহের একটি, ভুয়া জন্মদিন পালনের একটি, সাবেক নৌমন্ত্রীর ওপর বোমা হামলার একটি, জাতীয় পতাকার অবমাননার একটি, ড্যান্ডি ডাইংয়ের অর্থঋণ আদালতে বিচারাধীন একটি এবং বিএনপির নয়াপলটন কার্যালয়ের মালিকানা নিয়ে একটি দেওয়ানী মামলা রয়েছে সাবেক এ

» ১৫

অবশেষে মুক্তি পেলেন জাহালম



০৪ ফেব্রুয়ারি : আগেই বড় ছেলে শাহানূরের কাছ থেকে মা মনোয়ারা জেনে গেছেন, জাহালম জেল থেকে ছাড়া পেয়েছেন। খবর পেয়ে অপেক্ষায় মা মনোয়ারা, কখন বাড়ি ফিরবেন তাঁর আদরের খোকা জাহালম, যাঁকে তিনি তিন বছর দেখেননি। রাতের অন্ধকারে ঘন কুয়াশায় মোবাইলের আলো দূর থেকে দেখে ছুটে এলেন মা মনোয়ারা। জাহালমকে দেখে হাউমাউ করে কেঁদে উঠে জড়িয়ে ধরলেন মনোয়ারা। বাড়ি থেকে কিছু দূরে ফাঁকা মাঠে কান্নার রোল...। মা মনোয়ারার আহাজারি। জাহালমের কপালে চুমু দিয়ে চিৎকার দিয়ে বলে উঠলেন, ‘কার মাথায় বাড়ি দিছিলাম যে আমার এত বড় সর্বনাশ করেছিল।’ ডুকরে ডুকরে কেঁদে চলেন মা মনোয়ারা।

মনোয়ারা যখন জড়িয়ে ধরে বিলাপ করছিলেন, তখন জাহালমকে জড়িয়ে ধরেছেন বোন শাহানা ও তাসলিমা। তাঁরাও

» ১৬

চা-চক্রে সম্পর্ক ঝালাই করেছেন প্রধানমন্ত্রী: জাপা

ঢাকা, ০২ ফেব্রুয়ারি : টানা তৃতীয়বার রাষ্ট্র ক্ষমতায় আসার পর বিভিন্ন রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে চা-চক্রে আমন্ত্রণ জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। রাজনৈতিক দলের নেতাদের সঙ্গে কুশল বিনিময় ছাড়া চা-চক্রে চলমান রাজনৈতিক পরিস্থিতি নিয়ে তেমন কোনো আলাপ-আলোচনা হয়নি।

২ ফেব্রুয়ারি শনিবার বিকেলে প্রধানমন্ত্রীর সরকারি বাসভবন গণভবনে এই চা-চক্র ও কুশল বিনিময় অনুষ্ঠিত হয়। এই চা চক্রে বিএনপি ও জাতীয় ঐক্যফ্রন্ট এবং বাম জোটের নেতারা যাননি।

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে যেসব রাজনৈতিক দলের সঙ্গে সংলাপ অনুষ্ঠিত হয়েছিল, সেসব দল ও জোটের নেতাদের সম্মানে চা-চক্রের আয়োজন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

গণভবনের দক্ষিণ লনের সবুজ চত্বরে এ চা-চক্র অনুষ্ঠিত হয়। প্রধানমন্ত্রীর আমন্ত্রণে সাড়া দিয়ে গণভবনে বিভিন্ন

» ১৬

সুলতানা কামাল

বিনা বিচারে জেলে আটক দুই-তৃতীয়াংশ মানুষ

০৩ ফেব্রুয়ারি : মানবাধিকারকর্মী সুলতানা কামাল বলেছেন, দেশের জেলখানাগুলোতে দুই-তৃতীয়াংশ মানুষ বিনা বিচারে আটক রয়েছে। ‘মানবাধিকার, সংবিধান ও বাংলাদেশ’ শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন সুলতানা কামাল। ৩ ফেব্রুয়ারি রোববার দুপুরে নারায়ণগঞ্জে শীতলক্ষ্যা তীরে অবস্থিত বেসরকারি রণদা প্রসাদ সাহা বিশ্ববিদ্যালয়ে এ

» ১৬

weekly
Potrika
your campaigning newspaper

POTRIKA ■ London ■ Issue 1106 ■ Tuesday ■ 05 - 11 February 2019

pride of asia
EVENTS • CATERING • HOSPITALITY
বিয়ে, জন্মদিন বা যেকোনো উৎসবের খাবারের জন্য যোগাযোগ করুন
Tel: 020 7790 1600
Arch 3, Pinchin Street, London E1 1SA

সিলেটের দীর্ঘতম নদী সুরমা। নগরের পাশ দিয়ে প্রবহমান এই নদী সিলেট নগরকে দুই ভাগে বিভক্ত করেছে। বর্ষায় সুরমার সৌন্দর্য মুগ্ধ করলেও শুকনো মৌসুমে দূষণে সৌন্দর্য হারায় এই নদী। এখন দূষণে কালচে রূপ ধারণ করেছে সুরমা নদীর পানি। আবর্জনা বলতে যা বোঝায় তার সবই আছে সুরমা নদী ও তার তীর ঘেঁষে। কাজীরবাজার, সিলেট, ৪ ফেব্রুয়ারি। ছবি : আনিস মাহমুদ

সিলেট টু লন্ডন ফ্লাইট
দাবি আদায়ে সাথে থাকবে হাইকমিশন

লন্ডন, ৪ ফেব্রুয়ারি : সিলেট থেকে লন্ডন সরাসরি ফ্লাইট চালু করতে বিলেতবাসীর যে দাবি তা আদায়ে কমিউনিটির সাথে সহযোগী হিসেবে থাকবে যুক্তরাজ্য বাংলাদেশ হাইকমিশন। গত ৩১ জানুয়ারি টাওয়ার হ্যামলেটস স্পীকারের আয়োজনে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় এমন প্রতিশ্রুতি দেন হাইকমিশরার সাঈদা মুনা তাসনীম। একইসঙ্গে বিলেতপ্রবাসী বাংলাদেশিদের যৌক্তিক সকল দাবির পক্ষে কাজ করে যাওয়ার ঘোষণা দিয়েছে হাইকমিশনার।
টাওয়ার হ্যামলেট কাউন্সিলের স্পীকার কাউন্সিলার আয়াস মিয়ার আমন্ত্রণে কাউন্সিল অফিসে ওই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। কাউন্সিল ভবন মালব্যারি প্লেসের স্পীকার পার্লারে অনুষ্ঠিত সভায় হাইকমিশনার সাঈদা মুনা তাসনীম আরও বলেন, হাইকমিশনের সেবাসমূহ সহজ ও গতিশীল করার নানা উদ্যোগ নিয়েছেন তিনি। এছাড়া ব্রিটেনের বেড়ে ওঠা নতুন প্রজন্মকে তাদের শিকড়ের সাথে সংযোগ স্থাপনে হাইকমিশনের গৃহীত উদ্যোগগুলোর কথাও তুলে ধরেন তিনি।
সভাপতির বক্তব্যে কাউন্সিলার আয়াস মিয়া হাইকমিশনার সাঈদা মুনা তাসনীমকে বাঙালি অধ্যুষিত টাওয়ার হ্যামলেটসে স্বাগত জানান। তাঁর মেধা ও যোগ্য নেতৃত্বে দুই দেশের সেঁতুবন্ধন আরো কার্যকর ও শক্তিশালী হবে বলে প্রত্যাশা করেন। বিশেষ করে সিলেট সিটি কর্পোরেশনের সাথে টাওয়ার হ্যামলেট কাউন্সিলের যৌথভাবে কাজ করার ব্যাপারে হাইকমিশনারের অগ্রনী ভূমিকা প্রত্যাশা করেন তিনি।
যুক্তরাজ্য আওয়ামী লীগের সভাপতি সুলতান মাহমুদ শরীফ সিলেট থেকে সরাসরি লন্ডনে ফ্লাইট চালু নিয়ে কালক্ষেপনের সমালোচনা করেন। এয়ারপোর্টসহ সর্বক্ষেত্রে প্রবাসীদের হয়রানী বন্ধ করার আহবান জানান তিনি। এসব কাজ সম্পন্ন করা গেলে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের ভাবমূর্তি আরও উজ্জ্বল হবে বলে তিনি মন্তব্য করেন।
কাউন্সিলার আব্দুল মুকিত চুন্নুর (এমবিই) পরিচালনায় অনুষ্ঠিত

» ১৫

টাওয়ার হ্যামলেটস
সামাজিক সহিংসতার শিকার ৭০ শতাংশই নারী

লন্ডন, ৪ ফেব্রুয়ারি : টাওয়ার হ্যামলেটসের নির্বাহী মেয়র জন বিগস সমাজে নারী নির্যাতন প্রতিরোধে আরো জোরদার পদক্ষেপ নেয়ার জন্য সরকারের প্রতি দাবি জানিয়েছেন। গত ২৩ জানুয়ারি বুধবার কাউন্সিল অধিবেশনে নারী এবং বালিকা নির্যাতন প্রতিরোধে ট্যাকল ভায়োলেন্স অ্যাগেইনস্ট ওইমেন অ্যান্ড গার্লস- শীর্ষক মোশন পাশের পর মেয়র এই প্রতিক্রিয়া জানান। মেয়রের ট্যাকেলিং পোভার্টি এন্ড ইনইকুয়ালিটি বিষয়ক এডভাইজার এবং লেবার দলীয় কাউন্সিলার ইভ ম্যাককিউলিয়ান মোশনটি উত্থাপন করেন। মোশনে এধরনের নির্যাতন বন্ধে নিবেদিত সার্ভিসগুলো রক্ষায় সরকারের কাছ থেকে আরো সহযোগিতা চাওয়া হয়।
মোশনে উল্লেখিত পরিসংখ্যান থেকে জানা যায়, টাওয়ার হ্যামলেটসে সংগঠিত বিভিন্ন সামাজিক সহিংসতার শিকার ৭০ শতংশ ভুক্তভোগীই হচ্ছেন মহিলা এবং প্রতি ৩ জন মহিলা ও বালিকার মধ্যে ১

» ১৫

স্মরণসভা ও দোয়া মাহফিল
শাহাব উদ্দিন বেলালের স্মৃতি রক্ষার দাবি

বাবুল হোসেন
লন্ডন, ৪ ফেব্রুয়ারি : লন্ডনে বর্ণবাদী আন্দোলনের নেতা এবং টাওয়ার হ্যামলেটসের সাবেক কাউন্সিলর প্রয়াত শাহাব উদ্দিন আহমদ বেলালের মৃত্যুর এক বছর পূর্ণ হয়েছে গত ২৬ জানুয়ারি। প্রথম মৃত্যুবার্ষিকীতে আয়োজিত স্মরণসভায় শাহাব উদ্দিন আহমদের স্মৃতি রক্ষার উদ্যোগ গ্রহণের আহবান জানিয়েছেন বক্তারা।

» ১৫

দু'জনেরই আইনি ভাগ্য অনিশ্চিত

ঢাকা, ৪ ফেব্রুয়ারি : গণফোরাম তাদের নির্বাচিত দুই সংসদ সদস্যকে নিয়ে কী করবে, সেটা একটি বিরাট প্রশ্ন হয়ে দাঁড়িয়েছে। একদল থেকে নির্বাচিত হওয়ার পরে ক্ষমতাসীন দলের মন্ত্রী হওয়া বাংলাদেশ রাজনীতিতে নতুন নয়। তবে তর্কটা গুরুত্ব বেশি পাচ্ছে এই কারণে যে দুজনকে নিয়ে কথা উঠেছে, তাদের একটা পরিচ্ছন্ন ভাবমূর্তি আছে। রাজনীতিতে তারা যতটা সম্ভব নীতি-নৈতিকতার কথা বলেছেন। তাদের একজন সুলতান মোহাম্মদ মনসুর, অন্যজন মোকাব্বির খান।
দুজনের মধ্যে আবার সুলতান মোহাম্মদ মনসুরের অবস্থান অধিকতর গুরুত্বপূর্ণ। তিনি আওয়ামী লীগের সাবেক বড় মাপের নেতা। আবার গণফোরামেও তিনি ছিলেন পাদপ্রদীপে। দুজনেই ড. কামাল হোসেনের সঙ্গে ব্যক্তিগতভাবে এবং রাজনৈতিকভাবে ঘনিষ্ঠ।
নির্বাচনের পরেও যখনই কথা উঠেছে, তখনই সুলতান এবং মোকাব্বির উভয়ে বলেছেন, তারা ড. কামাল হোসেনের কথার বাইরে যাবেন না। দায়িত্বশীল সূত্রগুলো বলেছে, ড. কামাল হোসেন শুরু থেকেই সংসদে যাওয়ার পক্ষে ছিলেন। এমনকি তিনি তার ঘনিষ্ঠদের সঙ্গে এ নিয়ে শলা-পরামর্শও করেন। তাদের মধ্যে যারা প্রত্যক্ষ রাজনীতিক, তারা সবাই 'না' করছেন। আর যারা রাজনীতি বিযুক্ত তারা 'হাঁ' বলেছেন। এই প্রক্ষাপটে ড. কামাল হোসেন গোড়াতে শপথ নেয়ার পক্ষে মত দিয়েছিলেন।

» ১৭

ভালোবাসা দিবসে নিলামে উঠছে 'উল্কা হৃদয়'

০৩ ফেব্রুয়ারি : চলছে ফেব্রুয়ারি মাস। দরজায় কড়া নাড়ছে ভালোবাসা দিবস। চলছে প্রিয় মানুষের জন্য উপহার কেনার ধুম। ভালোবাসা দিবস সামনে রেখে যুক্তরাজ্যের নিলামকারী প্রতিষ্ঠান ক্রিস্টি এবার এক বিশেষ আয়োজন করেছে। হৃদয় আকৃতির একটি উল্কাপিণ্ড নিলামে তুলতে যাচ্ছে প্রতিষ্ঠানটি।

» ১৫

সম্মিলিতভাবে হবে বিশ্ব ইজতেমা, তত্ত্বাবধান করবে প্রশাসন

ঢাকা, ০৩ ফেব্রুয়ারি : স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল বলেছেন, টঙ্গীর তুরাগ নদের তীরে নির্ধারিত দিনক্ষণ অনুযায়ী আগামী ১৫,১৬ ও ১৭ ফেব্রুয়ারি সম্মিলিতভাবে বিশ্ব ইজতেমা অনুষ্ঠিত হবে। তিনি বলেন, এ ব্যাপারে তাবলিগ জামাতের নেতারা সবাই সম্মত হয়েছেন। প্রশাসনের তত্ত্বাবধানেই বিশ্ব ইজতেমার যাবতীয় কার্যক্রম পরিচালিত হবে।
স্বরাষ্ট্রমন্ত্রী রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে বিশ্ব ইজতেমা উপলক্ষে আইনশৃঙ্খলা পরিস্থিতি, সার্বিক নিরাপত্তা, ইজতেমায় আগত বিদেশি মেহমানদের ভিসার ব্যবস্থাসহ অন্যান্য বিষয়ে প্রস্তুতিমূলক সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে এসব কথা বলেন।
স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ক্রীড়া প্রতিমন্ত্রী জাহিদ আহসান রাসেল, গাজীপুর সিটি করপোরেশনের মেয়র জাহাঙ্গীর আলম,

» ১৫

ইস্ট লন্ডন মসজিদের 'ইসলামিক উইল প্রজেক্টে'র উদ্বোধন

লন্ডন, ৪ ফেব্রুয়ারি : ইস্ট লন্ডন মসজিদের নতুন ফান্ডরেইজিং প্রজেক্ট ইসলামিক উইল সার্ভিসের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়েছে। গত ১ ফেব্রুয়ারি শুক্রবার দুপুরে জুমার নামাজের পর লন্ডন মুসলিম সেন্টারের কনকোর্স এরিয়ায় এই প্রজেক্টের উদ্বোধন ঘোষণা করা হয়। এসময় ইসলামিক উইল প্রজেক্ট বিষয়ে বিস্তারিত তুলে ধরেন মসজিদের ম্যানেজমেন্ট কমিটির সেক্রেটারি আইয়ূব খান এবং ইমাম ও খতীব শায়খ আব্দুল কাইয়ূম। জুমার খুৎবায়ও ইসলামিক উইলের প্রয়োজনীয়তা বিষয়ে আলোচনা করা হয়।
উদ্বোধন উপলক্ষে ইসলামিক উইল সম্পর্কে

» ১৭

ফিলিস্তিনিদের সব সহযোগিতা বাতিল করলো যুক্তরাষ্ট্র

লন্ডন, ৪ ফেব্রুয়ারি : ইসরায়েলের দখলকৃত ফিলিস্তিনের পশ্চিম তীর ও গাজা উপত্যকায় সব ধরনের সহযোগিতা বন্ধ করার বিষয়টি নিশ্চিত করেছে যুক্তরাষ্ট্র। সন্ত্রাসবিরোধী নতুন একটি আইনের আওতায় এই পদক্ষেপ নিতে যাচ্ছে দেশটি। ব্রিটিশ সংবাদমাধ্যম বিবিসি এ খবর জানিয়েছে।
ফিলিস্তিনি নিরাপত্তা সেবার জন্য যুক্তরাষ্ট্রের বার্ষিক ৬০ মিলিয়ন ডলার বাতিল করা হলো। এর আগে ফিলিস্তিনিদের আরও কয়েকটি তহবিল বাতিলের ঘটনাকে সমর্থন জানিয়েছে ইসরায়েল। সহযোগিতা বন্ধের ঘটনায় ফিলিস্তিনি কর্মকর্তারা উদ্বেগ প্রকাশ করেছেন। ধারণা করা হচ্ছে, ইসরায়েলি সেনাবাহিনীর সহযোগিতার কারণে পশ্চিম তীর অনেক শান্ত থাকলেও এখন থেকে পরিস্থিতি বদলে যেতে পারে।

» ১৫

শিশুদের ইয়াবা গিলিয়ে আনা হয় ঢাকায়

ইয়াবা বড়ি দিয়ে বানানো বিশেষ ক্যাপসুল। পাচারের উদ্দেশ্যে এই ক্যাপসুল শিশুদের গলাধঃকরণ করানো হয়। ছবি: সংগৃহীত

ঢাকা, ০৪ ফেব্রুয়ারি : কক্সবাজার থেকে ঢাকায় ইয়াবা বড়ি পাচার করতে শিশুদের ব্যবহার করা হচ্ছে। ইয়াবা বড়ির এমন চালানসহ আটজন পুলিশের গোয়েন্দা শাখার (ডিবি) হাতে ধরা পড়েছেন। তাদের মধ্যে দুজন শিশু রয়েছে।
ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখা (ডিবি-উত্তর) গত ২ ফেব্রুয়ারি রাজধানীর শাহ আলী ও মিরপুর থানা এলাকায় বিশেষ অভিযান চালায়। তারা ৩০ হাজার ইয়াবা বড়িসহ ওই আটজনকে গ্রেপ্তার করে।
গ্রেপ্তার করা আটজনের মধ্যে দুই শিশুর বয়স ১৩ ও ১৪ বছর। অন্য ছয়জন প্রাপ্তবয়স্ক। তাঁরা হলেন মো. লোকমান হোসেন, মো. রঞ্জু, শাহিদা বেগম, ইউনুছ মিয়া, শাহনাজ বেগম ও মারিয়া আক্তার।
ডিবির (উত্তর) উপকমিশনার মশিউর রহমান বলেন, গোপন সংবাদের ভিত্তিতে অবৈধ অস্ত্র উদ্ধার ও প্রতিরোধ টিম প্রথমে শাহ আলী থানা এলাকার একটি বাসায় অভিযান চালায়। সেখান থেকে ইয়াবা বড়িসহ পাঁচজনকে ধরা হয়। গ্রেপ্তার হওয়া ব্যক্তিদের তথ্যের ভিত্তিতে মিরপুর ১০-এর একটি বাসায় অভিযান চালানো হয়। সেখান থেকে

» ১৫

২০২০ সালে লন্ডনে বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিক পালনের প্রস্তুতি

লন্ডন, ৪ ফেব্রুয়ারি : ২০২০ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিক বিলেতে যথাযোগ্য মর্যাদায় ও বর্ণাঢ্য আয়োজনে পালনের লক্ষ্যে বাঙালি জাতীয়বাদে বিশ্বাসী সামাজিক, সাহিত্যিক, সাংস্কৃতিক সংগঠন ও ব্যক্তিদের একটি প্রস্তুতিসভা গত ২৯ জানুয়ারি মঙ্গলবার পুর্ব লন্ডনের মাইক্রো

» ১৫

আগাম পার্লামেন্ট নির্বাচনের প্রস্তাব মাদুরোর

লন্ডন, ০৩ ফেব্রুয়ারি : চাপের মুখে থাকা ভেনেজুয়েলার প্রেসিডেন্ট নিকোলা মাদুরো আগাম পার্লামেন্ট নির্বাচনের প্রস্তাব দিয়েছেন। ২ ফেব্রুয়ারি শনিবার মাদুরো এই প্রস্তাব দেন বলে বার্তা সংস্থা রয়টার্সের প্রতিবেদনে জানানো হয়। মাদুরোর পদত্যাগের দাবিতে দেশজুড়ে বিক্ষোভ করছে হাজারো মানুষ। একই দিন মাদুরোর পক্ষ ত্যাগ করেন দেশটির বিমানবাহিনীর উচ্চপদস্থ এক জেনারেল। উদ্ভূত পরিস্থিতিতে মাদুরো তাঁর ক্ষমতা টিকিয়ে রাখতে আগাম পার্লামেন্ট নির্বাচনের প্রস্তাব দিয়েছেন বলে ধারণা করা হচ্ছে।
পদত্যাগের জন্য মাদুরোর ওপর দেশ-বিদেশে চাপ বেড়েই চলছে। অন্যদিকে, দেশটির স্বঘোষিত অন্তর্বর্তী প্রেসিডেন্ট হুয়ান গুয়াইদোর প্রতি বাড়ছে সমর্থন। সবশেষ দেশটির বিমানবাহিনীর উচ্চপদস্থ কর্মকর্তা মেজর জেনারেল ফ্রান্সিসকো ইয়ানিজ মাদুরোর পক্ষ ত্যাগ করেন। টুইটারে দেওয়া এক ভিডিও

» ১৫

সৈয়দ সাজিদুর রহমান ফারুক লন্ডন ফিরেছেন

লন্ডন, ০৩ ফেব্রুয়ারি : একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বাংলাদেশ আওয়ামী লীগের পক্ষে কাজ করতে দীর্ঘদিন বাংলাদেশে অবস্থান করেন যুক্তরাজ্যে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সৈয়দ সাজিদুর রহমান ফারুক। ৩ ফেব্রুয়ারি রোববার তিনি লন্ডনে ফিরে আসেন।
হিথরো বিমানবন্দরে তাকে স্বাগত জানান যুক্তরাজ্য আওয়ামী লীগের দপ্তর সম্পাদক শামীম শামীম আহমেদ, হিথরো আওয়ামী লীগের সভাপতি শামীম আহমেদ, সাধারণ সম্পাদক আবুল হাসনাত চৌধুরী

» ১৫

Weekly Potrika, 218 Jubilee Street, London E1 3BS Tel: 020 7423 9270 Fax: 020 7423 9122 email: info@potrika.com web: www.potrika.com Registered as a Newspaper with Royal Mail 1st Class Post.